



ইরানে পরিকল্পিত হামলা স্থগিতের ঘোষণা ট্রাম্পের



ডোনাল্ড ট্রাম্প | ছবি: সংগৃহীত

ইরানের বিরুদ্ধে পূর্বনির্ধারিত সামরিক অভিযান ও বোমা হামলার পরিকল্পনা বাতিলের ঘোষণা দিয়েছেন মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। ইরানের সঙ্গে সাম্প্রতিক উত্তেজনার মধ্যেই তিনি এ সিদ্ধান্তের কথা জানান।

নিজের সামাজিক যোগাযোগমাধ্যম প্ল্যাটফর্ম 'ট্রুথ সোশ্যাল'-এ দেওয়া এক পোস্টে ট্রাম্প বলেন, ইরানের শীর্ষ নেতৃত্ব এবং সংশ্লিষ্ট কয়েকটি আঞ্চলিক পক্ষের সঙ্গে আলোচনা হয়েছে। সেই আলোচনার ভিত্তিতেই নির্ধারিত সামরিক অভিযান স্থগিত করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

এর আগে ইরানের গুরুত্বপূর্ণ তেল রপ্তানি কেন্দ্র খারগ দ্বীপে বড় ধরনের হামলার হুঁশিয়ারি দিয়েছিলেন ট্রাম্প। তবে কূটনৈতিক যোগাযোগ ও আলোচনার অগ্রগতির পর তিনি অবস্থান পরিবর্তন করেন।

পোস্টে ট্রাম্প লেখেন, ইসলামিক প্রজাতন্ত্র ইরানের সঙ্গে আলোচনা হয়েছে এবং যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট হিসেবে তিনি ইরানে পরিকল্পিত হামলা ও বোমা বর্ষণের সিদ্ধান্ত প্রত্যাহার করছেন।

উল্লেখ্য, সাম্প্রতিক সময়ে যুক্তরাষ্ট্র ও ইরানের মধ্যে পাল্টাপাল্টা পদক্ষেপ এবং উত্তেজনা বৃদ্ধি পাওয়ায় মধ্যপ্রাচ্যের নিরাপত্তা পরিস্থিতি নিয়ে নতুন করে উদ্বেগ দেখা দিয়েছে।